

## 💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬০. সন্তান ও অধীনস্থদের অধিকার

সন্তান ও পরিবার পরিজনের নেতা হচ্ছে পুরুষ ব্যক্তিটি। তার কর্তব্য হচ্ছে অধীনস্থদের সুশিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার চেষ্টা করা, দ্বীনি নির্দেশনা মুতাবিক তাদের পরিচালনা করা এবং জাহান্নাম থেকে বাঁচানোর চেষ্টা করা। আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قُوا أَنفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا

"হে ঈমানদারগণ! নিজেকে ও পরিবার পরিজনকে সেই আগুন থেকে রক্ষা করো যার ইন্ধন হবে মানুষ ও পাথর।[১]

এ আয়াতের ব্যাখ্যায় হাসান বসরী (রহ) বলেছেন, কর্তা ব্যক্তিটির উচিত তাদেরকে আল্লাহর নির্দেশ মত চলতে বলা এবং কল্যাণমূলক শিক্ষা দান করা। আলী (রাঃ) বলেছেন- তাদেরকে ইলম ও আদব কায়দা শিক্ষা দেয়া। আনাস (রাঃ) থেকে বর্ণিত হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

من عال جاريتين حتى تبلغا جاء يوم القيامة أنا وهو وضم أصابعه

"যে ব্যক্তি দুটো মেয়েকে বয়ঃপ্রাপ্ত হওয়া পর্যন্ত প্রতিপালন করলো সে আর আমি কিয়ামতের দিন এ রকম হবো। একথা বলে তিনি তার আঙ্গুল মিলিয়ে দেখালেন।[২]

## ফুটনোট

[১]. সুরা আত তাহরীম, আয়াত : ৬।

[২]. সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12358

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন